

ইনোভেশানস ইন সিজিএ অফিস

- অনলাইন পে-ফিক্সেশনঃ Online Pay Fixation ব্যবস্থার মাধ্যমে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদির প্রতিপাদন প্রচলিত ম্যানুয়্যাল পদ্ধতির পরিবর্তে ইন্টারনেটের মাধ্যমে (www.payfixation.gov.bd) ইলেকট্রনিক-ভাবে করা হচ্ছে।
- অনলাইন পেনশন-ফিক্সেশনঃ Online Pension Fixation ব্যবস্থার মাধ্যমে সকল সরকারি পেনশনারদের পেনশনের প্রতিপাদন প্রচলিত ম্যানুয়্যাল পদ্ধতির পরিবর্তে ইন্টারনেটের মাধ্যমে (www.payfixation.gov.bd/pension) ইলেকট্রনিক-ভাবে করা হচ্ছে।
- হিসাব ব্যবস্থাপনায় ডিজিটালাইজেশনঃ ঢাকা, বিভাগীয় শহর, জেলা শহর এবং উপজেলা পর্যায়ের হিসাবরক্ষণ অফিসসমূহে দৈনন্দিন হিসাবরক্ষণ কার্যক্রম পরিচালনায় ইন্টারনেট/ওয়েব ভিত্তিক iBAS (Integrated Budget and Accounting System) কম্পিউটারাইজড সিস্টেম প্রবর্তন করা হয়েছে।
- চেক লেখার পরিবর্তে অনলাইনে বিল পরিশোধঃ Electronic Fund Transfer (EFT) ব্যবস্থার মাধ্যমে সরকারি অর্থ প্রদানের আদেশ চেক লেখার পরিবর্তে ইলেকট্রনিক-ভাবে সরাসরি গ্রাহকের ব্যাংক একাউন্টে প্রেরণ করা হচ্ছে এবং সিস্টেম থেকে গ্রাহককে স্বয়ংক্রিয়ভাবে SMS করে টাকা প্রেরণের বিষয়টি জানিয়ে দেয়া হচ্ছে।
- অনলাইনে চালান ভেরিফিকেশনঃ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ট্রেজারি চালানের মাধ্যমে জমাকৃত অর্থ সরকারি ট্রেজারিতে ঠিকমত জমা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসেই সিজিএ ওয়েব সাইটে (www.cga.gov.bd) ঢুকে Online Challan Verification করা যাচ্ছে।
- অনলাইনে বিল নিষ্পত্তির হাল নাগাদ অবস্থা প্রদর্শনঃ ঢাকাস্থ প্রধান হিসাবরক্ষণ অফিসসমূহে এবং জেলা হিসাবরক্ষণ অফিসসমূহে দাখিলকৃত বিলসমূহের নিষ্পত্তির হাল নাগাদ অবস্থা যাচাইয়ের জন্য ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসেই সিজিএ ওয়েব সাইটে (www.cga.gov.bd) ঢুকে Online Bill Clearing Status জানা যাচ্ছে।
- সিজিএ হেল্প ডেস্ক চালুকরণঃ দ্রুত সেবা প্রদানের জন্য বা সেবার মান বাড়ানোর জন্য ও যে কোন পরামর্শের পাশাপাশি সেবা প্রদানের বিষয়ে কোন অভিযোগ থাকলে তাও জানানোর জন্য সেবা প্রত্যাশীদের সহযোগিতায় CGA Help Desk চালু করা হয়েছে। (সিজিএ হেল্প ডেস্ক, রুম নং-২২৫, সিজিএ ভবন, ২য় তলা, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। ফোনঃ ৯৩৫৬৪৯৭, পিএবিএক্সঃ ৯৩৩০১০১-০৫/বর্ধিতাংশঃ ৩০০, ই-মেইলঃ cgahelpdeskbd@gmail.com, ফ্যাক্সঃ ৯৩৩০১০৭)

- গভর্নমেন্ট সার্ভিস পোর্টালে সিজিএ-এর তথ্য উপস্থাপনঃ সরকারের জনপ্রশাসনকে চলমান রাখতে সিজিএ ও এর অধিনস্থ অফিসসমূহে সিটিজেন চার্টার অনুসরণপূর্বক কিভাবে কাজ করা হয় তার বিবরণ বাংলাদেশ সরকারের সার্ভিস পোর্টালে (www.services.portal.gov.bd, সেবাকুঞ্জ>মন্ত্রণালয়-অধিদপ্তর অনুসারে>অর্থ বিভাগ>অফিস অব দি কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস) উপস্থাপন করা হয়েছে।
- পেনশন ভোগান্তি লাঘবঃ পেনশন ভোগান্তি লাঘবে পেনশন গমনকারীগণের করণীয় অবহিতকরণের জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ে হিসাবরক্ষণ অফিসসমূহে Pre-pension Briefing এর আয়োজন করা হয়েছে। পাশাপাশি Corporate Social Responsibilities (CSR) নিশ্চিত করার লক্ষ্যে হিসাবরক্ষণ অফিসসমূহে আগত পেনশনারদের জন্য মেডিকেল সেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।
- সিএও ইন্টার এ্যাকশান গ্রুপঃ বিধি বিধান বাস্তবায়নে ইউনিফর্মিটি আনয়নের লক্ষ্যে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ের CAO Interaction Group প্রবর্তন করা হয়েছে।